

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/প্রবা-১/অগ্রিম-০৭/২০১২-১৩৬

তারিখ: ১৮.০৩.২০১৪ খ্রি:

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সচিবালয় ভবন, তৃতীয় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় “ প্ল্যানিং মনিটরিং এন্ড রিসার্চ হেলথ (কোড নং-২৭-১১-৫১৭০) প্রোগ্রামের অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরের এডিপি বরাদ্দ অনুযায়ী আরপিএ (জিওবি) বাবদ ১ম ও ২য় কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে অগ্রিম উত্তোলন সংক্রান্ত।


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “ প্ল্যানিং মনিটরিং এন্ড রিসার্চ হেলথ (কোড নং-২৭-১১-৫১৭০) শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপি’র বরাদ্দ অনুযায়ী আরপিএ (জিওবি) খাতে ১ম-২য় কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে ৪৮২৯ কোডে গবেষণা কার্যক্রম বাস্তবায়নের জন্য ২০০.০০ লক্ষ, ৪৮৪০ কোডে স্থানীয় প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য ৩০.০০ লক্ষ এবং ৪৮৪২ কোডে সেমিনার/ওয়ার্কসপ বাস্তবায়নের লক্ষ্যে ৪৫.০০ লক্ষ টাকাসহ সর্বমোট ২৭৫.০০ লক্ষ (দুই কোটি পঁচাত্তর লক্ষ) টাকা অগ্রিম উত্তোলনে আদিষ্ট হয়ে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

তবে শর্ত থাকে যে,

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
- (ঘ) ১ম ও ২য় কিস্তিতে ছাড়কৃত আরপিএ (জিওবি) অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে;
- (ঙ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (চ) পরিপত্র নং স্বাপকম/সিসপ্র(স্বাস্থ্য-৪)/(IST)/HNPSP/২০০৭/২০৭, তারিখ ২৮.১০.২০০৭ অনুযায়ী HNPSP এর আওতায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রদত্ত নির্ধারিত হার অনুযায়ী প্রশিক্ষক, রিসোর্স পার্সন ও প্রশিক্ষণার্থীদের সম্মানী ভাতা প্রদান করতে হবে; এবং
- (ছ) পরিসংখ্যান আইন ২০১৩ অনুযায়ী গবেষণা বাস্তবায়নের লক্ষ্যে অনাপত্তি গ্রহণ করতে হবে।

০২। এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ২৭- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অর্ন্তভুক্ত প্ল্যানিং মনিটরিং এন্ড রিসার্চ হেলথ (কোড নং-২৭-১১-৫১৭০) শীর্ষক অপারেশনাল প্লানের অনুকূলে বরাদ্দকৃত আরপিএ(জিওবি) খাতের অর্থ হতে কোড নং-৫-২৭১১-৫১৭০-৪৮২৯, ৪৮৪০, ৪৮৪২ হতে বহন করা হবে।

০৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।


(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd


অপর পৃষ্ঠা দৃষ্টব্য

নং- স্বাপকম/প্রবা-১/অগ্রিম-০৭/২০১২-১৩৬/১(৯)

তারিখ: ১৮.০৩.২০১৪ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০২। মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ০৩। লাইন ডাইরেক্টর, প্লানিং মনিটরিং এন্ড রিসার্চ হেলথ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৪। উপ-সচিব (এফএমইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। উপ প্রধান, স্বাস্থ্য উইং, অর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৬। সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ০৮। যুগ্ম-সচিব (আ: ব্য: ও অ:/প্রকল্প বাস্তবায়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯। যুগ্ম-প্রধান (পরিকল্পনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।


(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব